উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন

উপজেলা-গোবিন্দগঞ্জ, জেলা-গাইবান্ধা

পরিকল্পনা প্রণয়নে

উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা

সমন্বয়ে

গণ উন্নয়ন সংস্থা

জুলাই-২০১৪

সার্বিক সহযোগিতায়

কম্প্রিহেন্সিভ ডিজাষ্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি ২)

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

বাণী

সমতল ভূমি হিসেবে গাইবান্ধা জেলাটি সর্বত্র পরিচিত। ধান, গম, তামাক, আখ গাইবান্ধার প্রাণ' এ প্রবাদটি সর্বজন স্বীকৃত। নদী বেষ্টিত গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলা অত্যন্ত দুর্যোগ ঝুঁকিপ্রবণ এলাকা। এখানকার মানুষের জীবন জীবিকার অন্যতম সঙ্গী হলো কৃষি। এখানে উন্নয়নের মূল প্রতিবন্ধকতা হলো বিভিন্নপ্রকারের দুর্যোগ। আগাম বণ্যা ও নদী ভাঙ্গন এই উপজেলার প্রধান দুর্যোগ। এছাড়া এ উপজেলার উল্লেখযোগ্য দুর্যোসমূহ হলো মৌসুমী বন্যা, নদীভাঙ্গন, কালবৈশাখী ঝড় ইত্যাদি।

গণ উন্নয়ন সংস্থা গোবিন্দগঞ্জ উপজেলায় সিডিএমপি ফেইজ-২ এর আর্থিক সহযোগিতায় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রকল্প বাস্তবায়ন করছে। এই প্রকল্পের আওতায় উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে যা অত্যন্ত বাস্তবসম্মত এবং সময়োপযোগী। এই পরিকল্পনা গোবিন্দগঞ্জ উপজেলার দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আমি বিশ্বাস করি।

উক্ত দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি তৈরির সাথে সম্পৃক্ত সকলকে ধন্যবাদ জানাচ্ছি এবং দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের সফল বাস্তবায়ন কামনা করি।

২৭-১২-২০১৪

ফারুক কবির আহমদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা
ও
চেয়ারপারসন
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা

বাণী

বাংলাদেশ বিশ্বের মানচিত্রে অন্যতম একটি দুর্যোগপ্রবণ দেশ। এ দেশের প্রতিটি জেলাই প্রতি বছর দুর্যোগে কমবেশী আক্রান্ত হয়। এ জেলাগুলোর মধ্যে গাইবান্ধা অন্যতম। গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলা একটি দুর্যোগ ঝুঁকিপ্রবণ এলাকা। এখানকার মানুষের জীবন জীবিকার অন্যতম সঙ্গী হলো কৃষি, অর্থনৈতিক কর্মকাণ্ড কৃষি নির্ভর। এখানে উন্নয়নের মূল প্রতিবন্ধকতা হলো বিভিন্নপ্রকারের দুর্যোগ। আগাম বন্যা, নদী ভাঙ্গন ও কালবৈশাখী ঝড় এই উপজেলার প্রধান দুর্যোগ। প্রাকৃতিক দুর্যোগ গোবিন্দগঞ্জ উপজেলার জনসাধারণের জীবন ও জীবিকার উপর বিরূপ প্রভাব ফেলে এবং বিভিন্ন *উন্নয়নমূলক কাজে ব্যাঘাত সৃষ্টি করে।*

গণ উন্নয়ন সংস্থা গেবিন্দগঞ্জ উপজেলায় সিডিএমপি ফেইজ-২ এর আর্থিক সহযোগিতায় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রকল্প বাস্তবায়ন করছে জেনে আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি। এই প্রকল্পের আওতায় উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে যা বাস্তবসম্মত এবং সময়োপযোগী। এই পরিকল্পনা গোবিন্দগঞ্জ উপজেলার দুর্যোগ ঝুঁকি হ্রাসে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আমি মনে করি। দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের সাথে সম্পৃক্ত সকলের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি এবং দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনার সফল বাস্তবায়ন কামনা করছি।

মোহাম্মদ মামুন-উল-হাসান
উপজেলা নির্বাহী অফিসার
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা
ও
সহ-সভাপতি
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

বাণী

উপজেলার বিভিন্ন জনপদের মানুষগুলো স্থানীয় কৌশলকে অবলম্বন করে দুর্যোগ মোকাবেলায় জলবায়ু পরিবর্তন রোধে ইতিবাচক ভূমিকা পালন করে যাচ্ছে। তাদের এই ভূমিকাকে আরও বেগবান করার জন্য গণ উন্নয়ন সংস্থা গোবিন্দগঞ্জ উপজেলায় সিডিএমপি ফেইজ-২ এর আর্থিক সহযোগিতায় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রকল্প বাস্ড় বায়ন করছে। উক্ত প্রকল্পের আওতায় উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির মতামতের ভিত্তিতে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এই পরিকল্পনা গোবিন্দগঞ্জ উপজেলার দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণে গুর"ত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আমি মনে করি।

আমার মতে, উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ নিজ নিজ দায়িত্ব পালনের মাধ্যমে দুর্যোগের কারণে যে ক্ষতির সম্ভাবনা থাকে তার পরিমাণ অনেকাংশে কমিয়ে আনতে পারবেন বলে আমি বিশ্বাস করি। তাই দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটির গুরুত্ব অপরিসীম।

যাহোক, দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের সাথে সম্পৃক্ত সকলের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি এবং দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের সফল বাস্তবায়ন কামনা করি।

মোঃ আব্দুল মান্নান
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
গোবিন্দগঞ্জ উপজেলা
গাইবান্ধা
ও
সদস্য সচিব
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়
(দূর্যোগ ব্যবস্থাপনা শাখা)
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

স্মারক নং- ৪৬,৫৫,৩২৩০,০০০,১৮,০৯৮,১৪,১১৪ তারিখঃ ১৩,০৮,২০১৪

বরাবর
জাতীয় প্রকল্প পরিচালক
সার্বিক দূর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচী
দূর্যোগ ব্যবস্থাপনা ও রিলিফ ভবন
৯২-৯৩, মহাখালী, ঢাকা-১২১২।

বিষয়ঃ দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা তৈরীর ফাইনাল প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

জনাব,

আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলায় দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অর্থায়নে গণ উন্নয়ন সংস্থা কর্তৃক দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা তৈরীর কার্যক্রম সুষ্ঠু, সুন্দর ও সফলভাবে সম্পন্ন হয়েছে। এমতাবস্থায়, দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা তৈরীর ফাইনাল প্রতিবেদন আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

আপনার সার্বিক সহযোগিতার জন্য ধন্যবাদ।

আপনার বিশ্বস্ত

নামঃ 17.08.14	নামঃ ১৩.০৮.১৪	নামঃ
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	উপজেলা নির্বাহী অফিসার	উপজেলা পরিষদ চেয়ারম্যান
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।	গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।	গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
মোঃ আব্দুল মান্নান	উপজেলা নির্বাহী অফিসার	চেয়ারম্যান
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।	উপজেলা পরিষদ

আলোচ্যসূচী

বর্ণনা			পৃষ্ঠা নং
প্রথম অধ্যায় : স্থানীয় এলাকা পরিচিতি			
১.১	পটভূমি		০৮
১.২	পরিকল্পনার মূল উদ্দেশ্য		০৮
১.৩	স্থানীয় এলাকা পরিচিতি		০৮
	১.৩.১	জেলা/উপজেলার ভৌগলিক অবস্থান	০৮
	১.৩.২	আয়তন	০৯
	১.৩.৩	জনসংখ্যা	১০
১.৪	অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্যগুলোর সংক্ষিপ্তভাবে বর্ণনা		১০
	১.৪.১	অবকাঠামো	১০
	১.৪.২	সামাজিক সম্পদ	১৮
	১.৪.৩	আবহাওয়া ও জলবায়ু	২৮
	১.৪.৪	অন্যান্য	২৮
দ্বিতীয় অধ্যায় : দূর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা			
২.১	দূর্যোগের সার্বিক ইতিহাস		৩১
২.২	ইউনিয়নের আপদসমূহ		৩৩
২.৩	বিভিন্ন আপদ ও তার বর্তমান ভবিষ্যৎ চিত্র বর্ননা		৩৩
২.৪	বিপদাপন্নতা ও সক্ষমতা		৩৪
২.৫	সর্বাধিক বিপদাপন্ন এলাকা		৩৫
২.৬	উন্নয়ন পরিকল্পনার প্রধান খাতসমূহ		৩৭
২.৭	সামাজিক মানচিত্র		৩৭
২.৮	আপদ ও ঝুঁকি মানচিত্র		৪০
২.৯	আপদের মৌসুমী দিনপঞ্জি		৪২
২.১০	জীবিকার মৌসুমী দিনপঞ্জ		৪৩
২.১১	জীবন ও জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা		৪৩
২.১২	খাতভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ননা		৪৪
২.১৩	জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব		৪৫
তৃতীয় অধ্যায় : দূর্যোগঝুঁকি হ্রাস			
৩.১	ঝুঁকির কারণসমূহ চিহ্নিতকরণ		৪৬
৩.২	ঝুঁকি নিরসনের উপায় চিহ্নিতকরণ		৪৬
৩.৩	এন,জি,ওদের উন্নয়ন পরিকল্পনা		৪৬
৩.৪	দূর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা		৪৭
	৩.৪.১	দূর্যোগ পূর্ব প্রস্তুতি	৪৭
	৩.৪.২	দূর্যোগ কালীন	৪৭
	৩.৪.৩	দূর্যোগ পরবর্তী	৪৮
	৩.৪.৪	স্বাভাবিক সময়ে/ঝুঁকিহ্রাস সময়ে	৪৮

	বর্ণনা	পৃষ্ঠা নং
চতুর্থ অধ্যায় : জরুরী সাড়া প্রদান		
৪.১	জরুরী অপারেশন সেন্টার	৪৯
৪.১.১	জরুরী কন্ট্রোল রুম পরিচালনা	৪৯
৪.২	আপদ কালীন পরিকল্পনা	৪৯
৪.২.১	স্বেচ্ছাসেবকদের প্রস্তুত রাখা	৫০
৪.২.২	সতর্ক বার্তা প্রচার	৫০
৪.২.৩	জনগনকে অপসারনের ব্যবস্থাদি	৫০
৪.২.৪	উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা প্রদান	৫০
৪.৩.৫	আশ্রয় কেন্দ্র রক্ষনাবেক্ষন	৫০
৪.২.৬	নৌকা প্রস্তুত রাখা	৫০
৪.২.৭	দুর্যোগের ক্ষয়ক্ষতি চাহিদা নিরূপন ও প্রতিবেদন প্রেরন	৫১
৪.২.৮	ত্রান কার্যক্রম সমন্বয় করা	৫১
৪.২.৯	শুকনা খাবার জীবন রক্ষাকারী ঔষধ সংগ্রহ ও প্রস্তুত রাখা	৫১
৪.২.১০	গবাদী পশুর চিকিৎসা/ টিকা	৫১
৪.২.১১	মহড়ার আয়োজন করা	৫১
৪.২.১২	জরুরী কন্ট্রোল রুম পরিচালনা	৫১
৪.২.১৩	আশ্রয়কেন্দ্র/ নিরাপদ স্থান সমূহ	৫২
৪.৩	জেলা / উপজেলার নিরাপদ স্থান সমূহের তালিকা ও বর্ননা	৫২
৪.৪	আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির গঠন	৫৩
	আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কেন	৫৩
	আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটি	৫৩
	কোন স্থানকে আশ্রয়কেন্দ্র হিসাবে ব্যবহার করবেন	৫৩
	আশ্রয়কেন্দ্রে কি কি লক্ষ্য রাখতে হবে	৫৩
	আশ্রয়কেন্দ্রের ব্যবহার	৫৪
	আশ্রয়কেন্দ্রের রক্ষনাবেক্ষন	৫৪
৪.৫	উপজেলা সম্পদের তালিকা (যা দূর্যোগকালে ব্যবহৃত হতে পারে)	৫৫
৪.৬	অর্থায়ন	৫৬
পঞ্চম অধ্যায় : উদ্ধার ও পুনর্বাসন পরিকল্পনা		
৫.১	ক্ষয়ক্ষতি মূল্যায়ন	৬৪
৫.২	দ্রুত/ আগাম পুনরুদ্ধার	৬৪
৫.২.১	প্রশাসনিক পুন:প্রতিষ্ঠা	৬৪
৫.২.২	ধ্বংসাবশেষ পরিস্কার	৬৪
৫.২.৩	জনসেবা পুনরারম্ভ	৬৪
৫.২.৪	জরুরী জীবিকা সহায়তা	৬৪

সংযুক্তি:উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি তালিকা ৮১

উপজেলা স্বেচ্ছাসেবকদের তালিকা ৮৩

আশ্রয়কেন্দ্রের তালিকা ৮৪

একনজরে উপজেলার তথ্য ৮৫

স্কুল, কলেজ, পাঠাগার ইত্যাদির তালিকা ৮৬

প্রথম অধ্যায়ঃ স্থানীয় এলাকার পরিচিতি

১.১ পটভূমিঃ

দুর্যোগের স্থায়ী আদেশাবলীতে ঝুঁকিহ্রাস ও কন্টিনজেন্সী পরিকল্পনাকে অন্তর্ভুক্ত করে জেলা উপজেলা, পৌরসভা ও সিটি কর্পোরেশন পর্যায়ে দূর্যোগ ব্যবস্থাপনা কর্ম পরিকল্পনা প্রনয়নের সুপারিশ করা হয়েছে। দূর্যোগ ব্যবস্থাপনা কর্ম পরিকল্পনা বিষয়টি সিডিএমপি খুবই গুরুত্বের সাথে নিয়েছে। পরিকল্পনার স্থায়ীত্বশীলতা ও কার্যকারিতা, নিবিড় এবং ফলাফলধর্মী কর্মপদ্ধতি, সংশিষ্ট সংগঠন, প্রতিষ্ঠানের ও জনগোষ্ঠীর অংশগ্রহনের উপর নির্ভরশীল। দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি ৩-৫ বছরের জন্য প্রনয়ন করা হবে।

বাংলাদেশ বিশ্বের মানচিত্রে অন্যতম একটি দূর্যোগ প্রবন দেশ। এদেশের প্রতিটি জেলাই দুর্যোগে কমবেশী আক্রান্ত হয়। এ জেলাগুলোর মধ্যে গাইবান্ধা জেলা অন্যতম। গাইবান্ধা জেলার গোবিন্ধগঞ্জ উপজেলা একটি অত্যন্ত দূর্যোগ ঝুঁকিপ্রবন এলাকা। নদী ভাঙ্গন, বন্যা, ঘূর্নিঝড়, কাল বৈশাখি ঝড়, জমিতে বালুপড়া, খরা ও শৈত্য প্রবাহ এই এলাকার প্রধান দূর্যোগ। গোবিন্দগঞ্জ উপজেলার প্রতিটি ইউনিয়নে প্রতি বছর দূর্যোগ হয় এবং জনসাধারনের জীবন ও জীবিকার উপর বিরূপ প্রভাব ফেলে। প্রতি বছর বিভিন্ন দুর্যোগে পতিত হলেও উপজেলা পর্যায়ে কোন কর্ম পরিকল্পনার প্রতিফলন দেখা যায়নি। সার্বিক দূর্যোগ ব্যবস্থাপনার অংশ হিসাবে এই দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি গোবিন্ধগঞ্জ উপজেলার জন্য প্রনয়ন কর হয়েছে।

১.২ পরিকল্পনার মূল উদ্দেশ্যঃ

- পরিবার ও সমাজ পর্যায়ে দূর্যোগের ঝুঁকি সম্পর্কে গনসচেতনতা সৃষ্টি ও সকল প্রকার ঝুঁকি হ্রাস করনে পরিবার, সমাজ, ইউনিয়ন প্রশাসন, উপজেলা ও জেলা প্রশাসন পর্যায়ে বাস্তব সম্মত উপায় উদ্ভাবন করা।
- স্থানীয় উদ্যোগে যথাসম্ভব স্থানীয় সম্পদ ব্যবহারের মাধ্যমে ঝুঁকি হ্রাস করন ও ব্যবস্থাদির বাস্তবায়ন পদ্ধতির উন্নয়ন সাধন।
- অপসারন, উদ্ধার, চাহিদা নিরুপন ত্রান ও তাৎক্ষনিক পুর্নাবাসন ব্যবস্থার জন্য স্থানীয়ভাবে প্রনীত পরিকল্পনার অনুশীলন ও প্রয়োগ।
- একটি নির্দিষ্ট এলাকা ও নির্দিষ্ট সময়ের জন্য কৌশলগত দলিল তেরী করা।
- দূর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও সংশিষ্ট সেক্টরের (সরকারী, আন্তর্জাতিক ও জাতীয় এনজিও, দাতা ইত্যাদি) জন্য একটি সার্বিক পরিকল্পনা হিসাবে কাজ করবে।
- দূর্যোগ ব্যবস্থাপনা সংশিষ্ট অংশীদারদের পরিকল্পনা প্রনয়নে ও বাস্তবায়নে নির্দেশনা প্রদান করে।
- সংশিষ্ট কমিউনিটির দূর্যোগ পরিকল্পনায় আন্তরিক অংশগ্রহন, কার্যকর অংশীদারিত্ব ও মালিকানাবোঁধ জাগ্রত করা।

১.৩ স্থানীয় এলাকা পরিচিতিঃ

১.৩.১ উপজেলার ভৌগলিক অবস্থানঃ

উপজেলার সংক্ষিপ্ত বর্ননাঃ

- উপজেলাটি গাইবান্ধা জেলায় অবস্থিত।
- চারপাশের ইউনিয়ন গুলোর নামঃ উত্তরে পলাশবাড়ি সদর, দক্ষিনে কিচক ও দেওলী, পুর্বে কচুয়া ও বোনারপাড়া ও পশ্চিমে ঘোড়াঘাট পৌরসভা,
- নদী, খাল, বাঁধ, রাস্তাঘাট ইত্যাদির সংক্ষিপ্ত বর্ননা ঃ নদী ৬টি নদীর নাম কাটাখালি, আলাই, বাঙ্গালী, করবোয়া, আখিরা ও নলেয়া, খাল আছে ১৪টি, ভেবরার খাল, ভিটা সাখইল খাল, সোনাতলা খাল, মাঝারের খাল, বেড়া খাল, ক্রোরগাছা খাল, ঝাউলাপাড়া খাল, কুটিপাড়া খাল ও নাওভাঙ্গা খাল। খালের দৈর্ঘ ৯০ কি:মি: বাঁধ ১২ টি বাধের দৈর্ঘ্য ৬৫ কি:মি: রাস্তা ২,১৭৪ কি:মি:, পাকা ৪১২ কি:মি:, এইচবিবি ৮৪৬ কি:মি:, কাচা ৯১৬ কি:মি:
- আয়তনঃ ভূ-প্রাকৃতিক অবস্থা (মাটি, পানি, বনাঞ্চল, খনিজ ইত্যাদি) উপজেলাটির আয়তন ৪৬০.৪২ বর্গ কি: মি:, উপজেলাটির সমস্ত এলাকাই সমতল ভূমি, বেশীরভাগ এলাকা দোয়াশ মাটি দ্বারা গঠিত, কিছু এলাকা বেলে মাটি ও কিছু

এলাকা এটেল মাটি দ্বারা গঠিত। পানির প্রধান উৎস নলকূপ এখানকার প্রায় ৮৫%-৯০%লোক নলকূপের পানি ব্যবহার করে, অত্র ইউনিয়নে কোন বনাঞ্চল এবং কোন খনিজ সম্পদ নাই।

- বিভাগ হতে উপজেলটি ৭৭ কি:মি: দূরে অবস্থিত

১.৩.২ আয়তনঃ

- **উপজেলার আয়তনঃ ৪৬০.৪২ বর্গ কিঃ মিঃ**
- উপজেলার অন্তর্গত/ মৌজা/ গ্রামসমূহ সংক্ষিপ্ত ভাবে বর্ননা করা হলোঃ

উপজেলা	ইউনিয়নের নাম	ইউনিয়ন ভিত্তিক মৌজার নাম
গোবিন্দগঞ্জ	কামদিয়া	বিলগণ, বারাগণ, বেছালণ, বিহার, চালিতা, চাঙ্গুরা, ছেচারচরা, চেলারগাও, দেওগাও, দাওছিলা, এনায়েতপুর, গয়েশ্বরপুর, হাতার, কামদিয়া, কচমারি, মহিশমারি, মানিকপুর, পুলগাড়ী, রঘুনাথপুর, রশিকনগর, শ্যামপুর, তেঘুরা, তিরাল, তুলাত, উতাবি,
	কাটাবাড়ী	আশকুড়া, বেড়া বিষলিয়া, বেড়া বুজরুক, বেতারা, বিষলিয়া, বুজরুক বেড়া আরাজি, ফেরুসা, কাটাবাড়ি, ফুলহার।
	শাখাহার	আলীগণ, আমগণ, আরজিপিয়ারাপুর, আইভাঙ্গী, বালুয়া, বানইল, বানীহারা, বাটালা, বাটপাড়া, দইহারা, দশনাল, দেওনালা, দেওচালিতা, দীঘিপাড়া, গারইল, জাল্লা, জানকুর, জিরাই, খারিতা, খুরশান, শাহীগঞ্জ, মেকলাইন, মোল্লাপাড়া, পারইল, পেহুলা, পিয়ারাপুর, রাজশ, রওগা, শাখারা, সূর্যগাড়ী
	রাজাহার	কুকরাইল, আনন্দিপুর, বানেশ্বর, বরট্ট, বড়গাও, বেউরগ্রাম, ধানিয়াল, ধুতুরবাড়ি, দোঘরিয়া, দুবলাগাড়ি, গোয়ালকান্দি, গোপালপুর, ঝিকরাইল, কচুয়া, নওগা, নরসিংহপুর, প্রভুরামপুর, রাজাহার, সিহিপুর, বড়ইপাড়া ও জিনাউত
	সাপমারা	পন্ডিতপুর, চকরহিমপুর, দাধয়া, খামারপাড়া, দোগড়ীয়া, কোটালপুর, কৌচাকৃষ্ণপুর, মাদারপুর, মল্লা, মদনপুর, নরেঙ্গাবাদ, পাজয়পুর, চৌহুতপুর, রামপুর, সাপমারা, সারাই, তরফকামাল
	দরবস্ত	অভিরামপুর, দরবস্ত, দূর্গাপুর, হোসেনপুর, আখিরা ফতেপুর, সিংজানী, উ: সিঙ্গা, বাড়ি হোসেনপুর, সাতানা বালুয়া, মারিয়া, মিরুপাড়া, চক বিরাহিমপুর, নলডাঙ্গা, গোবিন্দপুর, বগুলাগাড়ি, বিশুবাড়ি, সাপগাছি কালিকাপুর, সাপগাছি, হাতিয়াদহ, ছোট দূর্গাপুর, বিশ্বনাথপুর, ছাতারপাড়া, তালুক রহিমপুর, গন্ধর্ববাড়ি, রহলা, রামনাথপুর ও গোসাইপুর
	তালুককানুপুর	বাহাদুরপুর, বেড়া মালঞ্চা, চক শিবপুর, চক সিংহডাঙ্গা, চন্ডিপুর, ছোট জামালপুর, ছোট নারায়নপুর, নারিচাগাড়ি, চিয়রগ্রাম দামুদরপুর, দামুদরপুর, দেওবত্ত রামনাথপুর, দেবপুর, কমল নারায়নপুর, কাপাসিয়া, মথুরাপুর, নারায়নপুর, নোধাপুর, পার সুন্দাইল, ফুলবাড়ি, রাগবপুর, সিংহডাঙ্গা, সমসপাড়া, সুন্দাইল তাজপুর, তালুককানুপুর, তেলিয়া, উ: ছয়ঘরিয়া, উ: পারা।
	নাকাই	ধানখুনিয়া, পুটিয়া, পুরনদর, বিলপুরনদর, খুকশিয়া, পোগইল, কুঞ্জনাকাই, কুমারগাড়ি, ডুমুরগাছা, নাকাই, শীতলগ্রাম
	হরিরামপুর	কিসমত দূর্গাপুর, রামপুরা, বাজুনিয়াপাড়া, পাখেড়া, ক্রোড়গাছা, চকপাখেড়া, রামচন্দ্রপুর, বড়দহ, হরিরামপুর, নাওভাঙ্গা, ধুন্দিয়া, সোনাইডাঙ্গা বৈকন্ঠপুর, তালুক সোনায়ডাঙ্গা, উ: হরিপুর
	রাখালবুরুজ	চক মাকরা, চাদপুর, চাদপুর সিঙ্গা, গোবিন্দ নগর, হরিনাথপুর, বিষ্ণপুর, ছোট অভিরামপুর, কাজলা, লনতলা, মাদারদহ, নোয়াপাড়া কৃষ্ণপুর, পলাশবাড়ি, পানিয়া, পারসোনাইডাঙ্গা, রাখালবুরুজ, উ: ধর্মপুর।
	ফুলবাড়ি	বামনকুড়ি, বড় রঘুনাথপুর, বড় সাতাইল বাতাইল, বড় সোহাগী, বাগদড়িয়া, ছোট সাতাইল বাতাইল, ছোট সোহাগী, দিগদাইর, দিঘালী ফুলবাড়ি, ফতেউল্লাপুর, হাতিয়াদহ, কাউয়াগাড়ি, কৃষ্ণপুর, খানসাপাড়া, কুন্ডারপাড়া, কুঞ্জামালঞ্চা, মালাদর, নাচিকুচি, শাকপালা, শ্যামপুর ও পার্বতীপুর
	গোমানীগঞ্জ	পারবতী পুর, চককোচমহরী, সুন্দর কোল, গুজিয়াপাড়া, রজাকপুর, কন্দ খালাসপুর, আলীপুর, দিলালপুর, শ্রীপুর, ঘুগা, আটিয়াতলা, জরিফপুর, গোয়ালপাড়া, অনন্তপুর, তরফমনু, পারগয়ারা, মিরকুচি মদনতাইর, বালুভরা, কুড়িপাইকা, কোচমদন বারপাইকা, কৃষ্ণপুর ছয়ঘরিয়া, গুমানিগঞ্জ, নাগেরভিটা
	কামারদহ	বকচর, বার্না, বার্না চন্দ্রশেখর, কন্দর্পপুর, রসুলপুর, মাস্তা, কামারদহ, বার্না আকুব, চার পার্বতিপুর, বেতগারা, মহানগর, চাদপাড়া, মেকুরাই, দিগলকান্দি, তারদহ, ভাগগোপাল, সাহাদাত, মহাববপুর ও সৈয়দপুর
	কোচাশহর	জগন্নাথপুর, ধর্মপুর, শিংগা, ধর্মা, ভাগকাজী, আরজি শাহাপুর, সুদার ধাপ, হরিপুর, দ: ষোলাগাড়ি, কোচাশহর, শক্তিপুর, ধারাইকান্দি, ছয়ঘরিয়া, রতনপুর, মুকুন্দপুর, পেপুলিয়া, হাবিবপুর, ভাগগরিব, বনগ্রাম
	শিবপুর	রুদ্রনগর, মহাদেবপুর, মালঞ্চা, শ্রীমুখ, কেশবপুর, তরনীপাড়া, বড় খোদাপুর, ষোলাগাড়ি, টিকরী, পারা কচুয়া, সোনাতলা সাখইল, ভিটা সাখইল, শিবপুর, শিবপুর খিরিবাড়ি,

	মহিমাগঞ্জ	পুনতাইর, সিংঙ্গিডাঙ্গী, বালুয়া, বোচাদহ, শ্রীপাতিপুর, বামনহাজরা, কুমারডাঙ্গা, জগদিশপুর, গোপালপুর, জীবনপুর, জিরাই ও পান্তাবাড়ি
	সালমারা	দামগাছা, পচারিয়া, শাখাহাতি, নিলকণ্ঠপুর, বুড়াবুড়ি, বারপাইকা, উলিপুর, শালমারা, ঘুগা গারামারা, নিয়ামতের বাইগুনি, উজিরপাড়া, হিয়াতপুর, হাবিবের বাইগুনি, কিশমতের বাইগুনি, কলাকাটা হামছাপুর ও মিরাপাড়া

১.৩.৩ জনসংখ্যাঃ

- উপজেলার মোট জনসংখ্যা, পুরুষ, মহিলা ও মোট পরিবারের সংখ্যা সংক্ষিপ্ত ভাবে বর্ননা দেওয়া হলোঃ

ইউনিয়নের নাম	পুরুষ	মহিলা	শিশু(০-১৫)	বৃদ্ধ(৬০+)	প্রতিবন্ধি	মোট জনসংখ্যা	পরিবার/খানা	ভোটার
কামদিয়া	১৩,১২১	১২,৯৯৫	৬,২৮৪	১,৫৭৩	৫৮	২৬,২২৬	৬,৬৫৮	১৬,৮৯৯
কাটাবাড়ী	১৬,৬৬৮	১৫,৭০৮	৭,৭৬৯	২,২৬৬	১৪২	৩২,৩৭৬	৭,৪৫৯	১৮,৯৯০
শাখাহার	১৩,১০৭	১৩,০১৭	৬,২৭৮	১,৫৬৬	৬৫	২৬,১৮৯	৬,৭৬৭	১৭,৫৩৮
রাজাহার	১০,৬৩৩	১০,৬৮৯	৫,০৫৪	৩১৭	১১২	২১,৩২২	৫,১৩২	১৩,১১৪
গাপমারা	৯,৩৮৯	৯,৪৭৮	৪,৬৫১	৭৭৩	৯২	১৮,৮৬৭	৪,৮৬৮	১৩,০০০
দরবস্ত	২২,২১৮	২২,৫১৪	১০,৫৮০	৩,১২৩	৩৭৪	৪৪,৮৩২	১১,৯২০	২৮,৭২৫
তালুককানুপুর	২১,৩৬৫	২২,৪১০	১০,২৯৭	৩,১৩৭	২৮৯	৪৩,৭৮৫	১০,৯৪৫	২৭,৩২৪
নাকাই	১৯,৬৪১	১৯,২৭২	৮,৯৮০	২,২৫৬	৩৩৬	৩৮,৯১৩	৭,৩০৮	১৯,৫৩৩
হরিরামপুর	২১,৯৩৩	২০,৩৪৬	১০,০২৪	২,৯৩৩	১১৮	৪২,২৭৯	৯,০৪০	২৭,৫৩৩
রাখালবুরুজ	১৬,৫৪৬	১৫,৬০৭	৭,৬২০	২,৩৯৫	১৫৯	৩২,১৫৩	৭,৩৩৫	১৯,২৯৩
উলবাড়ি	১১,০১৫	১০,৮৪০	৫,২০১	১,৬২১	৮৯	২১,৮৫৫	৫,১৫৮	১৩,৫১৯
গুমানীগঞ্জ	১৫,২৮৩	১৪,০৭৫	৬,৯৮৭	১,৭০৩	২০১	২৯,৩৫৮	৭,৯৯৯	১৭,৭৫৯
কামারদহ	১৬,৩৫৮	১৬,৬০৬	৭,৬০৪	১,১৩৭	৮৪	৩২,৯৬৪	৮,০৩২	২৫৩১৮
কোচাশহর	১৭,৪৪৫	১৭,২৪৩	৭,৯৮০	২,০৮১	১৬৬	৩২,৬৮৮	৮,১০৬	২৪,৫৮৮
ডশবপুর	১৩,৬১৮	১৩,৪৮৫	৬,৪২৩	১,৮৯৭	১৯৩	২৭,১০৩	৬,৩৯৭	১৭,০৭৬
মহিমাগঞ্জ	২১,৯৩৩	১৯,৮২৯	৯,৮৯৭	২,৫০৫	২১৭	৪১,৭৬৮	৯,২৫৮	২৬,৯২৬
কালমারা	১৩,৯৯৩	১৫,৮৯৫	৬,৮২০	১,৭৯৪	১৯৬	২৯,৮৮৮	৬,৫৯২	১৭,০৯৩
সর্বমোট =	২,৭৪,২৬৬	২,৭০,০০৯	১,২৮,৪৪৯	৩৩,০৭৭	২,৮৯১	৫,৪৪,২৩৫	১,২৮,৯৭৪	৩,৪৪,২২৮

তথ্যের উৎসঃ স্ব-স্ব ইউনিয়নের জন্ম মৃত্যু রেজিষ্টার ও পরিসংখ্যান অফিস থেকে নেওয়া ।

১.৪ অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্যগুলোর সংক্ষিপ্তভাবে বর্ননা থাকতে হবেঃ

১.৪.১ অবকাঠামোঃ

বাঁধঃ গোবিন্দগঞ্জ উপজেলায় বাঁধ আছে ১২ টি তাহার দৈর্ঘ ৬৬ কিঃ মিঃঃ

হরিরামপুর ইউনিয়নে ০১ টি বাঁধ আছে যার দৈর্ঘ্য ০৮ কি: মি: ইহা ত্রিমোহনীঘাট হতে বড়দহঘাট পর্যন্ত, বাঁধটি ৬,৭,৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত । ইহা উচ্চতা প্রায় ২০ ফুট ।

তালুককানুপুর ইউনিয়নে ০১ টি বাঁধ আছে যার দৈর্ঘ্য ০৫ কি: মি: ইহা কাটাখালি হতে বড় নারায়নপুর পর্যন্ত, বাঁধটি ৬,৭,৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত । ইহা উচ্চতা প্রায় ৭-৮ ফুট । বাঁধটি প্রায় অর্ধেক ভেঙ্গে গেছে ।

কাটাবাড়ী ইউনিয়নে বাঁধ আছে ০১টি যার দৈর্ঘ্য ০৭ কি:মি: । বাঁধটি ফুলহার ডাঙ্গার দর হতে বোগদহ ফকিরগঞ্জ পর্যন্ত । বাঁধটি ৩, ৪ ও ৫ নং ওয়ার্ডে অবস্থিত । ইহার উচ্চতা ১০-১২ ফুট ।

রাখালবুরুজ ইউনিয়নে ০১ টি বাঁধ আছে যার দৈর্ঘ্য ১২ কি: মি: ইহা নয়াপারা কৃষ্ণপুর হতে নয়াপারা হরিনাথপুর বিষপুকুর পর্যন্ত । বাঁধটি ১,২,৭,৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত । ইহা উচ্চতা প্রায় ১০-১২ ফুট ।

ফুলবাড়ি ইউনিয়নে ০১ টি বাঁধ আছে যার দৈর্ঘ্য ০৭ কি: মি: ইহা শাকপালা হতে মালাধর পর্যন্ত, বাঁধটি ১,২,৩,৪ ও ৫ নং ওয়ার্ডে অবস্থিত । ইহা উচ্চতা প্রায় ১২ ফুট ।

দরবস্ত ইউনিয়নে ০১ টি বাঁধ আছে যার দৈর্ঘ্য ০৭ কি: মি: ইহা বিশ্বনাথপুর হতে বগুলাগাড়ি পর্যন্ত, বাঁধটি ৪,৭,৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত। ইহা উচ্চতা প্রায় ১০ ফুট।

নাকাই ইউনিয়নে ০১ টি বাঁধ আছে যার দৈর্ঘ্য ০৪ কি: মি: ইহা নলিয়া স্ইচ গেট হতে বড়দহ মাদ্রাসা ডিবি রোড পর্যন্ত, বাঁধটি ৬,৭,৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত। ইহা উচ্চতা প্রায় ৭-৮ ফুট।

শিবপুর ইউনিয়নে বাঁধ আছে ০২টি যার দৈর্ঘ্য ০৬ কি:মি:। বাঁধগুলো ১টা তরনীপাড়া হতে শিবপুর ও অন্যটি কোচাশহর হতে পাচগুছি বাজার পর্যন্ত। বাঁধটি ৪, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত। ইহার উচ্চতা ৭-৮ ফুট।

গুমানিগঞ্জ ইউনিয়নে ০১ টি বাঁধ আছে যার দৈর্ঘ্য ০৩ কি: মি: ইহা সাপমারা চেয়ারম্যান বাড়ি হতে কাইয়াগঞ্জ পর্যন্ত, বাঁধটি ৫নং ওয়ার্ডে অবস্থিত। ইহা উচ্চতা প্রায় ১২ ফুট।

মহিমাগঞ্জ ইউনিয়নে ০১ টি বাঁধ আছে যার দৈর্ঘ্য ০৪ কি: মি: ইহা বালুয়া রাখালবুরুজ সীমানা হতে ভাঙ্গাবাড়ি ঘাট পর্যন্ত বাঁধটি ৩ নং ওয়ার্ডে অবস্থিত। ইহা উচ্চতা প্রায় ১২ ফুট।

সাপমারা ইউনিয়নে ০১ টি বাঁধ আছে যার দৈর্ঘ্য ০৩ কি: মি: ইহা চক রহিমপুর হতে সাহেবগঞ্জ পর্যন্ত, বাঁধটি ৯ নং ওয়ার্ডে অবস্থিত। ইহা উচ্চতা প্রায় ২০ ফুট।

স্ইচগেটঃ গোবিন্দগঞ্জ উপজেলায় স্ইচগেইট আছে ১০টিঃ

হরিরামপুর ইউনিয়নে স্ইচগেট আছে ০১টি, ইহা আলাই নদীর সংযোগ স্থলে অবস্থিত, স্ইচগেটটি সম্পূর্ন ভাল এবং কাজ করে।

রাখালবুরুজ ইউনিয়নে স্ইচগেট আছে ০১টি, ইহা কাটাখালি নদীর সংযোগ স্থলে অবস্থিত, স্ইচগেটটি ত্রুটিপূর্ন এবং ঠিকমত কাজ করে না।

দরবস্ত ইউনিয়নে স্ইচগেট আছে ০৪টি, যথা: বিশ্বনাথপুর, হাতিয়াদহ, গোসাইপুর ও রাহলা স্ইচগেটগুলো করতোয়া নদীর উপর অবস্থিত, স্ইচগেটগুলো সম্পূর্ন ভাল এবং কাজ করে।

নাকাই ইউনিয়নে স্ইচগেট আছে ০২টি, ইহা করতোয়া নদীর সংযোগ স্থলে অবস্থিত, স্ইচগেইট ২টিই সম্পূর্ন ভাল এবং কাজ করে।

কোচাশহর ইউনিয়নে স্ইচগেট আছে ০১ টি, ইহা ভাটরার খালের সংযোগ স্থলে অবস্থিত, স্ইচগেটটি সম্পূর্ন অকেজো এবং কাজ করে না।

মহিমাগঞ্জ ইউনিয়নে স্ইচগেট আছে ০১টি, ইহা বাঙ্গালী নদীর সংযোগ স্থলে অবস্থিত, স্ইচগেটটি সম্পূর্ন ভাল এবং কাজ করে।

ব্রীজঃ গোবিন্দগঞ্জ উপজেলায় ছোট বড় প্রায় ৪৪০ টি ব্রীজ আছেঃ

হরিরামপুর ইউনিয়নে ছোট বড় প্রায় ২৫ টি ব্রীজ আছে। শংকরগঞ্জ-২টা, ত্রিমোহনীঘাট, তালুক সোনাইডাঙ্গা-২টা, চকপাখেড়া-২টা, রামপুরা, বোনারপাড়া সংযোগ রাস্তা, রামপুরা জাউলী পাড়া, ক্রোড়গাছা-২টা, পাখেরা-২টা, বাজুনিয়াপাড়া, রামপুরা মাজার, রামপুরা স্কুল, রামপুরা প: পাড়া, নাকাই-২টা, হরিপুর পূর্ব পাড়া, হরিরামপুর-২টা ও প: পগইল। আলাই নদী, কাটাখালি নদী, কঞ্চিডোবার নালা, পগইল নালার উপর।

তালুককানুপুর ইউনিয়নে ছোট বড় প্রায় ৩৫ টি ব্রীজ আছে। চিয়রগ্রাম দামুদরপুর-২টা, দেবপুর, ছোট জামালপুর-২টা, চক সিংহডাঙ্গা-২টা, ফুলবাড়ি, নজরের ভাঙ্গা-২টা, বাহাদুরপুর-২টা, কাপাসিয়া-২টা, রাগবপুর-২টা, নোধাপুর কালিতলা-৩টা, উ: পাড়া, সমসপাড়া, বাবুলের বাড়ির সামনে ও পিছনে, নোধাপুর, জামালপুর-৩টা, উ: ছয়ঘরিয়া স্কুলের সামনে, সুন্দাইল মোর, বেড়া মালঞ্চা-২টা ও কমল নারায়নপুর-২টা। কাটাখালি নদী, নলেয়া নদীর উপর, এছাড়া কিছু ব্রীজ বিলের উপর এবং কিছু ব্রীজ রাস্তার মাঝখানে পানি নামার জন্য তৈরী করা হয়।

কাটাবাড়ী ইউনিয়নে ছোট-বড় ব্রীজ আছে ৬৫টি, ফুলহার ডাঙ্গার দর রাস্তায়-৬টা, বেতারা রাস্তায়-৫টা, বোগদহ রাস্তায়-৪টা, ফকিরগঞ্জ-৪টা, পুলপারা রাস্তায়-৫টা, ২নং কাটাবাড়ি-৪টা, কামদিয়া রাস্তায়-৬টা, ফুলহার রাস্তায়-৪টা, বেতারা-৩টা, কাঠালবাড়ি-

২টা, ৫নং কাটাবাড়ি রাস্তায়-৪টা, বোগদহ বেলাবাড়ি রাস্তায়-৬টা, বেড়া বিষলিয়া-৩টা,বেড়া বুজরুক রাস্তায়-৪টা। করতোয়া নদী ছাড়া কিছু ব্রীজ বিলের উপর, এবং কিছু ব্রীজ রাস্তার মাঝখানে পানি নামার জন্য তৈরী করা হয়।

রাখালবুরুজ ইউনিয়নে ছোট বড় প্রায় ৪০ টি ব্রীজ আছে, লোনতলা (ঘিডাঙ্গা)-৩টা, নয়াপারা কৃষ্ণপুর-২টা, চাদপুরসিঙ্গা-৪টা, চাদপুর-২টা, উ: ধর্মপুর-২টা, পুইয়াগাড়ি, লনতলা-৩টা, অভিরামপুর-৪টা, ময়নাতলী, দরগাপাড়া, মাদারদহ-৪টা, গুবিন্দনগর-২টা, পলাশবাড়ি-২টা, বটতলী-৩টা, হরিনাথপুর-২টা ও রাখালবুরুজ-৪টা। তপসীয়া নদীর উপর-২টা, এছাড়াও কিছু ব্রীজ বিলের উপর এবং কিছু ব্রীজ রাস্তার মাঝখানে পানি নামার জন্য তৈরী করা হয়।

ফুলবাড়ি ইউনিয়নে ছোট বড় প্রায় ২৫টি ব্রীজ আছে, খানসাপাড়া-২টা, কুন্ডারপাড়া-২টা, নাচিকুচি-৩টা, দিঘালী ফুলবাড়ি-২টা, ফুলবাড়ি হাই স্কুলের সাথে, বামনকুড়ি-২টা, বড় সোহাগী-২টা, শ্যামপুর, ফতেউল্লাপুর-২টা, শাকদহ-২টা, কুন্দেরপাড়া, কুঞ্জামালঞ্চ-৩টা, বাগদরিয়া ও কাটাখালি। বাঙ্গালী নদীর উপর কিছু ব্রীজ।

দরবস্ত ইউনিয়নে ছোট বড় প্রায় ৪০টি ব্রীজ আছে, অভিরামপুর-২টা, দরবস্ত-৩টা, দূর্গাপুর, আখিরা ফতেপুর, সিংজানী, উ: সিঙ্গা, বাড়ি হোসেনপুর, সাতানা বালুয়া-২টা, মিরুপাড়া, চক বিরাহিমপুর, নলডাঙ্গা গোবিন্দপুর-২টা, বগুলাগাড়ি-৩টা, মারিয়া, কালিকাপুর-২টা, হাতিয়াদহ-২টা, ছোট দূর্গাপুর-২টা, বিশ্বনাথপুর-৩টা, তালুক রহিমপুর, বিশুবাড়ি-৩টা, রহলা, রামনাথপুর-২টা, চরকতলা ও গোসাইপুর-৩টা। ১টি ব্রীজ করতোয়া নদীর উপর ও কিছু ব্রীজ বিলের উপর।

নাকাই ইউনিয়নে ছোট বড় প্রায় ১৯ টি ব্রীজ আছে, ধানখুনিয়া-২টা, খুকশিয়া, পোগইল-৪টা, কুঞ্জনাকাই, কুমারগাড়ি-২টা, ডুমুরগাছা, নাকাই-২টা, পুটিয়া-২টা, পুরনদর-৩টা, শীতলগ্রাম। ২টা ব্রীজ করতোয়া নদীর উপর এবং কিছু ব্রীজ বিলের উপর।

শিবপুর ইউনিয়নে ছোট বড় প্রায় ২৫টি ব্রীজ আছে, শ্রীমুখ-৩টা, ভিটাশাখইল-২টা, শিবপুর-২টা, রাজবাড়ি-২টা, রুদ্রনগর-২টা, চকন্দাইর-২টা, পুইয়াগাড়ি-২টা, বড় খোদাপুর-২টা, তরনীপাড়া-২টা, চৈতর বাড়ি, বার টিকরী-২টা ও তরনীপাড়া রাস্তায়-৩টা। কিছু ব্রীজ বিলের উপর এবং কিছু ব্রীজ রাস্তার মাঝখানে পানি নামার জন্য তৈরী করা হয়।

কোচাশহর ইউনিয়নে ছোট বড় প্রায় ১০টি ব্রীজ আছে, কালিতলা, বৈরাগি বাজার, চাদপাড়া, শাহাপুর, তারাগনা, ফুলপারা, ডাকুমারা, ধারাইকান্দি, হরিপুর ও দ: ষোলাগাড়ি। কিছু ব্রীজ বিলের উপর এবং কিছু ব্রীজ রাস্তার মাঝখানে পানি নামার জন্য তৈরী করা হয়।

শালমারা ইউনিয়নে ছোট বড় প্রায় ৪০টি ব্রীজ আছে, মালিনদহ ঘাট-২টা, উজিরেরপাড়া-২টা, শাহপাড়া, হাবিবের বাইগুনি-২টা, হিয়াতপুর-২টা, ব্যাঙের ঘাট, নিলকণ্ঠপুর-৩টা, খামারের ঘাট, বারপাইকা-৩টা, বুড়াবুড়ি-৩টা, পচারিয়া-২টা, আশাদহ রাস্তায়-৩টা, জীবনগাড়ি-৩টা, মঞ্জু চেয়ারম্যান বাড়ির সাথে-২টা, শাখাহাতি-২টা, হামছাপুর-২টা, কলাকাটা-৩টা, গারামারা ও উলিপুর-২টা। ১টা ব্রীজ বাঙ্গালী নদীর উপর কিছু ব্রীজ বিলের উপর এবং কিছু ব্রীজ রাস্তার মাঝখানে পানি নামার জন্য তৈরী করা হয়।

গুমানিগঞ্জ ইউনিয়নে ছোট বড় প্রায় ৪০টি ব্রীজ আছে, পারবতী পুর-৩টা, সুন্দর কোল, গুজিয়াপাড়া-৩টা, রজাকপুর, কন্দ খালাসপুর-২টা, আলীপুর, দিলালপুর-২টা, শ্রীপুর-২টা, ঘুগা, আটিয়াতলা-৩টা, জরিফপুর, গোয়ালপাড়া, অনন্তপুর-৩টা, **পারগয়ারা-৩টা,** মিরকুচি মদনতাইর-২টা, বালুভরা, কুড়িপাইকা, কোচমদন বারপাইকা-২টা, কৃষ্ণপুর ছয়ঘরিয়া-৩টা, গুমানিগঞ্জ-২টা, নাগেরভিটা-২টা। করতোয়া নদীর উপর ২টা ব্রীজ এবং কিছু ব্রীজ বিলের উপর এবং কিছু ব্রীজ রাস্তার মাঝখানে পানি নামার জন্য তৈরী করা হয়।

কামদিয়া ইউনিয়নে ছোট বড় প্রায় ১৪টি ব্রীজ আছে। যথা: কামদিয়া-২টা, চালিতা, ধর্মপুর, চক মানিকপুর-৩টা, রঘুনাথপুর, ধাওয়াচিলা, হাইতর-২টা, তেঘরা ও বইলগ্রাম-২টা। কিছু ব্রীজ বিলের উপর এবং কিছু ব্রীজ রাস্তার মাঝখানে পানি নামার জন্য তৈরী করা হয়।

মহিমাগঞ্জ ইউনিয়নে ছোট বড় প্রায় ২০টি ব্রীজ আছে, শ্রীপাতিপুর-৩টা, গোপালপুর-২টা, পুনতাইর-৩টা, সিংঙ্গিডাঙ্গী-২টা, বালুয়া-৩টা, জগদিশপুর, বোচাদহ-২টা, কুমারডাঙ্গা-৩টা ও জিরাই। কিছু ব্রীজ বাঙ্গালী নদীর উপর ও কিছু ব্রীজ বিলের উপর এবং কিছু ব্রীজ রাস্তার মাঝখানে পানি নামার জন্য তৈরী করা হয়।

কামারদহ ইউনিয়নে ছোট বড় প্রায় ১৫টি ব্রীজ আছে, বকচর-২টা, রসুলপুর, কামারদহ-২টা, চাপরিগঞ্জ-২টা, গাউছাপাড়া, চকপাড়া, মাস্তা-২টা, বেতগারা, পার্বতিপুর, বার্না আকুব ও ভাগগোপাল। কিছু ব্রীজ বিলের উপর এবং কিছু ব্রীজ রাস্তার মাঝখানে পানি নামার জন্য তৈরী করা হয়।

সাপমারা ইউনিয়নে ছোট বড় প্রায় ১১টি ব্রীজ আছে, পন্ডিতপুর, চকরহিমপুর-২টা, দাধয়া, খামারপাড়া, কৌচাকৃষ্ণপুর, কোটালপুর, সাপমারা-২টা, তরফ কামাল ও দোবাড়িয়া। একটি ব্রীজ করতোয়া নালা ও কিছু ব্রীজ বিলের উপর এবং কিছু ব্রীজ রাস্তার মাঝখানে পানি নামার জন্য তৈরী করা হয়।

শাখাহার ইউনিয়নে ছোট বড় প্রায় ১০ টি ব্রীজ আছে, বানীহালী বৈরাগীর বাজার রাস্তায়, ভাটপাড়া, বাল্যা পুকুর, দশনাল, মোল্লাপারা, কামদিয়া, বাল্যা খালের উপর, রোয়াগাও, শাখাহার ও ঘারইল। কিছু ব্রীজ বিলের উপর এবং কিছু ব্রীজ রাস্তার মাঝখানে পানি নামার জন্য তৈরী করা হয়।

রাজাহার ইউনিয়নে ছোট বড় প্রায় ৬ টি ব্রীজ আছে, পানিতলা, দুবলাগাড়ি-২টা, ধুতুরবাড়ি, বেউরগ্রাম ও রাজাহার। গাংনাই নদী, পানিতলা খালের উপর। কিছু ব্রীজ বিলের উপর এবং কিছু ব্রীজ রাস্তার মাঝখানে পানি নামার জন্য তৈরী করা হয়।

কালভার্টঃ গোবিন্দগঞ্জ উপজেলায় ছোট বড় প্রায় ৯৪০ টি কালভার্ট আছেঃ

হরিরামপুর ইউনিয়নে ছোট বড় কালভার্ট আছে প্রায় ৩০টি, পার ধুন্দিয়া-৩টি, বাজুনিয়াপাড়া ঈদগাহ মাঠের সাথে, হরিরামপুর-৩টি, রামচন্দ্রপুর-২টি, নলেয়া নদীর ধারে-২টা, হরিপুর-২টি, তালুক সোনাইডাঙ্গা-৪টি, ত্রিমোহনীঘাট-৩টি, ক্রোড়গাছা-৪টি, নাকাই-৪টা, চকপাখেড়া-২টি। হরিরামপুর নালা, নলেয়া নালা, হরিপুর নালায়। কিছু কালভার্ট রাস্তার মাঝখানে পানি নামার জন্য তৈরী করা হয়।

তালুককানুপুর ইউনিয়নে ছোট বড় কালভার্ট আছে প্রায় ৬৫টি, জুমার ঘর নাকাই হাট-৫টা, বাসুদেবপুর-৪টা, বেড়া মালঞ্চা-৩টা, বালুয়াপারা-৩টা, চন্ডিপুর-৪টা, জামালপুরহাট-৫টা, চক সিংহডাঙ্গা-৪টা, রাগবপুর-৩টা, তেলিয়া ও বেড়া মলঞ্চা রাস্তায় ৭টা, তেলিয়া মাঝিপাড়া-৫টা, মথুরাপুর-৪টা, নোধাপুর-৫টা, কাপাসিয়া-৪টা, ফুলবাড়ি-৪টা ও রাগবপুর-৫টা ও কিছু কালভার্ট রাস্তার মাঝখানে পানি নামার জন্য তৈরী করা হয়।

কাটাবাড়ী ইউনিয়নে ছোট-বড় কালভার্ট আছে ৮০টি, হামিদপুর-০৭টা, ইউনুছের বাড়ির সামনে-৩টা, লেবুখার বাড়ির সামনে-৩টা, জহিরুলের বাড়ির সামনে-২টা, হামিদের বাড়ির সামনে-৩টা, ফুলহার-৮টা, শামসুল মেম্বারের বাড়ি-৩টা, বাকীর বাড়ি ও আবেদ আলির বাড়ি, কাটাবাড়ি-০৭টা, আহম্মদের বাড়ি-২টা, লতিফের বাড়ি, সৈয়দ আলীর বাড়ি-২টা, মিনাজুলের বাড়ি-৩টা, পলুপাড়া-৭টা, বেতারা-৭টা, কাঠালবাড়ি-৬টা, বোগদহ-৫টা, বেড়া বিষলিয়া-৫টা ও বেড়া বুজরুক-৪টা। কিছু কালভার্ট রাস্তার মাঝখানে পানি নামার জন্য তৈরী করা হয়।

রাখাবুরুজ ইউনিয়নে ছোট বড় কালভার্ট আছে প্রায় ৩৬ টি, কামার পাড়া-৪টি, গোরজানপাড়া, পানিয়া-৩টি, গোবিন্দ নগর-৪টি, লোনতলা-৩টা, রাখালবুরুজ-৫টি, চাদপুর-৩টি, মাদারদহ-৩টি, অভিরামপুর-৪টি, পলাশবাড়ি-২টা, হরিনাথপুর-৪টি। কিছু কালভার্ট রাস্তার মাঝখানে পানি নামার জন্য তৈরী করা হয়।

ফুলবাড়ি ইউনিয়নে ছোট বড় কালভার্ট আছে প্রায় ৪০টি, ফুলবাড়ি -৫টি, দিকদাইর-৪টি, মালাদহ-৩টি, কুন্ডারপাড়া-৪টি, শাকদহ-৩টা, বামনকুড়ি-৪টি, বড় সাতাইল বাতাইল-৫টি, বড় সোহাগী-৩টি, খানসাপাড়া-২টি, কাউয়াগাড়ি-৩টা, কুঞ্জামালঞ্চা-৪টি। সবগুলো কালভার্টই ভাল । কালভাটগুলো কোন নদী বা খালের উপর নয়।

দরবস্ত ইউনিয়নে ছোট বড় কালভার্ট আছে প্রায় ৯০টি, অভিরামপুর-৪টা, দরবস্ত-৫টা, দূর্গপুর-৩টা, হোসেনপুর, আখিরা ফতেপুর-৩টা, সিংজানী, উঃ সিঙ্গা-২টা, বাড়ি হোসেনপুর-৫টা, সাতানা বালুয়া-৫টা, মারিয়া-৫টা, মিরুপাড়া-৪টা, চক বিরাহিমপুর-৪টা, নলডাঙ্গা, গোবিন্দপুর-৫টা, বগুলাগাড়ি-৪টা, বিশুবাড়ি-৪টা, সাপগাছি-৫টা, হাতিয়াদহ-৪টা, ছোট দূর্গাপুর-৪টা, বিশ্বনাথপুর-৪টা, ছাতারপাড়া-২টা, তালুক রহিমপুর-৪টা, গন্ধর্ববাড়ি, রহলা-৫টা, রামনাথপুর-৩টা ও গোসাইপুর-৩টা। কিছু কালভার্ট রাস্তার মাঝখানে পানি নামার জন্য তৈরী করা হয়।

নাকাই ইউনিয়নে ছোট বড় কালভার্ট আছে প্রায় ০৬টি, শীতলগ্রাম-২টা, পোগইল-২টা, ধানখুনিয়া ও পুরনদর । নলেয়া নালায় ১টি,

শিবপুর ইউনিয়নে ছোট বড় কালভার্ট আছে ৬০টি, ষোলাগাড়ি-০৫টা, তরনীপাড়া-৪টা, টেপার বাড়ির সামনে-২টা, মালঞ্চা কামারের হাট-৫টা, চকেন্দারহার-৬টা, রুদ্রনগর কুমারগাড়ি-৬টা, শিবপুর-৫টা, শিবপুর ৮নং ওয়ার্ড-৮টা, সোনাতলা সাখইল-৪টা, ভিটা সাখইল-৪টা, শ্রীমুখ-৩টা, পারা কচুয়া-৪টা ও কেশবপুর-৪টা। কিছু কালভার্ট রাস্তার মাঝখানে পানি নামার জন্য তৈরী করা হয়।

কোচাশহর ইউনিয়নে ছোট বড় কালভার্ট আছে প্রায় ৫২টি, জগন্নাথপুর-৪টা, ধর্মপুর-৫টা, ভাগকাজ-৩টা, আরজি শাহাপুর-৫টা, শাহাপুর-২টা, সুদার ধাপ-৩টা, হরিপুর-৪টা, দঃ ষোলাগাড়ি-৪টা, কোচাশহর-৫টা, শক্তিপুর-২টা, ধারাইকান্দি-২টা, ছয়ঘরিয়া, মুকুন্দপুর-৩টা, পেপুলিয়া-২টা, হাবিবপুর-৩টা, ভাগগরিব ও বনগ্রাম-৩টা। কিছু কালভার্ট পানি নামার জন্য তৈরী করা হয়।

শালমারা ইউনিয়নে ছোট বড় কালভার্ট আছে প্রায় ৭০টি, দামগাছা-৪টা, পচারিয়া-৫টা, শাখাহাতি-৪টা, নিলকণ্ঠপুর, বুড়াবুড়ি-৬টা, বারপাইকা-৪টা, উলিপুর-২টা, শালমারা-৫টা, ঘুগা গারামারা-৭টা, নিয়ামতের বাইগুনি-৬টা, উজিরপাড়া-৪টা, হিয়াতপুর-৬টা, হাবিবের বাইগুনি-৪টা, কিশমতের বাইগুনি-৩টা, কলাকাটা-৪টা, হামছাপুর ও মিরাপাড়া-৪টা।

গুমানিগঞ্জ ইউনিয়নে ছোট বড় কালভার্ট আছে প্রায় ৮৫ টি, পারবতী পুর-৫টা, চককোচমহরী-৪টা, সুন্দর কোল-৭টা, গুজিয়াপাড়া-৭টা, রজাকপুর-৩টা, কন্দ খালাসপুর-৩টা, আলীপুর-৫টা, দিলালপুর, শ্রীপুর-৫টা, ঘুগা-৩টা, আটিয়াতলা-৩টা, জরিফপুর, গোয়ালপাড়া-৪টা, অনন্তপুর-৬টা, তরফমনু, পারগয়ারা-৭টা, মিরকুচি মদনতাইর-৩টা, বালুভরা-৫টা, কুড়িপাইকা-৩টা, কোচমদন বারপাইকা, কৃষ্ণপুর ছয়ঘরিয়া-৩টা, গুমানিগঞ্জ-৪টা, নাগেরভিটা। কিছু কালভার্ট রাস্তার মাঝখানে পানি নামার জন্য তৈরী করা হয়।

কামদিয়া ইউনিয়নে ছোট বড় কালভার্ট আছে প্রায় ২৫টি, পুইয়াগাড়ি-৪টা, বইলগ্রাম, দিঘীরহাট-৬টা, বড়গাও-২টা, এনায়েতপুর-৩টা, বড় চাপর-৩টা, খোলাহাটি-২টা, কামদিয়া-৩টা ও ছাতিয়ানচুড়া। কিছু কালভার্ট রাস্তার পানি নামার জন্য তৈরী করা হয়।

মহিমাগঞ্জ ইউনিয়নে ছোট বড় কালভার্ট আছে প্রায় ৭০টি, পুনতাইর-৮টা, সিংঙ্গিডাঙ্গী-৬টা, বালুয়া-৫টা, বোচাদহ-৫টা, শ্রীপাতিপুর-৬টা, বামনহাজরা-৬টা, কুমারডাঙ্গা-৭টা, জগদিশপুর-৬টা, গোপালপুর-৫টা, জীবনপুর-৫টা, জিরাই-৬টা ও পান্তাবাড়ি-৫টা। কিছু কালভার্ট রাস্তার মাঝখানে পানি নামার জন্য তৈরী করা হয়।

কামারদহ ইউনিয়নে ছোট বড় কালভার্ট আছে প্রায় ৯০টি, বকচর-৬টা, বার্না-৬টা, বার্না চন্দ্রশেখর-৪টা, কন্দর্পপুর-৫টা, রসুলপুর-৫টা, মাস্তা-৬টা, কামারদহ-৭টা, বার্না আকুব-৬টা, চার পার্বতিপুর-৫টা, বেতগারা-৪টা, মহানগর-৪টা, চাদপাড়া-৪টা, মেকুরাই-৬টা, দিগলকান্দি-৭টা, তারদহ-৪টা, ভাগগোপাল-৪টা, সাহাদাত, মহাববপুর-৩টা ও সৈয়দপুর-৫টা।

সাপমারা ইউনিয়নে ছোট বড় কালভার্ট আছে প্রায় ৫৬ টি, পন্ডিতপুর-৫টা, চকরহিমপুর-৪টা, দাধয়া, খামারপাড়া-৪টা, দোবাড়ীয়া-৪টা, কোটালপুর-৩টা, কৌচাকৃষ্ণপুর-৪টা, মাদারপুর-৩টা, মল্লা, মদনপুর-৫টা, নরেঙ্গাবাদ-৪টা, পাজয়পুর-৫টা, চৌহুতপুর-৩টা, রামপুর-২টা, সাপমারা-৪টা, সারাই, তরফকামাল-৩টা। কিছু কালভার্ট রাস্তার মাঝখানে পানি নামার জন্য তৈরী করা হয়।

শাখাহার ইউনিয়নে ছোট বড় কালভার্ট আছে প্রায় ৭০টি, বাল্লা-৪টা, রোয়াগাও-৩টা, আমগাও-৩টা, আরজী পিয়ারাপুর-৫টা, আয়ভাঙ্গী-৪টা, বানীহালী-৪টা, বানীহারা-৩টা, দশনাল-৩টা, দেওনাই-৩টা, দেওচালিতা-৩টা, দিঘীপাড়া-৪টা, ঘারইল-৪টা, জালতা, জানখুর, জিরাই-৩টা, খারিতা-৩টা, খুরশান, মাকলাইন-২টা, মোল্লাপারা-৩টা, পাইরল, পিহুলা, পিয়ারাপুর, রাজশ, রোয়াগাও-৪টা, শাখাহার-৫টা। কিছু কালভার্ট রাস্তার মাঝখানে পানি নামার জন্য তৈরী করা হয়।

রাজাহার ইউনিয়নে ছোট বড় কালভার্ট আছে প্রায় ১৫ টি, বেউরগ্রাম, ধানিয়াল, ধুতুরবাড়ি, দোঘরিয়া, দুবলাগাড়ি, গোয়ালকান্দি, গোপালপুর, ঝিকরাইল, কচুয়া, নওগা, নরসিংহপুর, প্রভুরামপুর, রাজাহার, কুকরাইল, আনন্দিপুর, বানেশ্বর। পানিতলা খাল ও কিছু কালভার্ট রাস্তার মাঝখানে পানি নামার জন্য তৈরী করা হয়।

রাস্তা ঃ মোট রাস্তা

গোবিন্দগঞ্জ উপজেলায় মোট ২,৩৯৭ কিঃ মিঃ রাস্তা আছে তার মধ্যে পাকা ৪১২ কিঃ মিঃ, কাচা ১,১৩৯ কিঃ মিঃ, এইচবিবি ৮৪৬ কিঃমিঃ

হরিরামপুর ইউনিয়নে পাকা ও কাচা মিলে রাস্তা আছে প্রায় ৩০৮ কিঃ মিঃ রাস্তা আছে। পাকা রাস্তা ত্রিমোহনীঘাট হতে বড়দহঘাট পর্যন্ত, কাচা রাস্তা শংকরগঞ্জ হতে ত্রিমোহনী, ত্রিমোহনী হতে সোনাইডাঙ্গা বাঁধ, চকপাখেরা হতে রামপুরা পঃ পাড়া, হরিরামপুর ইউনিয়ন হতে ক্রোড়গাছা, হরিরামপুর হতে বাজুনিয়াপাড়া, হরিরামপুর ইউনিয়ন হতে নলেয়া নদীর ধারে, হরিরামপুর হতে তালুক সোনাইডাঙ্গা, ধুন্দিয়া হতে হরিপুর, কিসমত দূর্গাপুর হতে বড়দহ, বড়দহ হতে হরিরামপুর, সোনাইডাঙ্গা বৈকণ্ঠপুর হতে নাওভাঙ্গা, সোনাইডাঙ্গা বৈকণ্ঠপুর হতে হরিরামপুর। রাস্তার উচ্চাতা ৮–১০ এর মধ্যে। প্রায় ৫০–৫৫ কিঃ মিঃ রাস্তা বন্যামুক্ত।

তালুককানুপুর ইউনিয়নে পাকা ও কাচা মিলে রাস্তা আছে প্রায় ১১০ কিঃ মিঃ রাস্তা আছে। পাকা রাস্তা জামালপুর হতে বিশ্বরোড, ৪১মাইল হতে বাসুদেবপুর, জুম্মার ঘাট হতে সরবশের ঘাট পর্যন্ত, কাচা রাস্তা জামালপুর হতে বড় নারায়নপুর, দাপেরহাট হতে

ফকিরপাড়া, জামালপুর হতে ফকিরপাড়া, জামালপুর হতে চন্ডিপুর পাকারাস্তা, হারাজের বাড়ি হতে সুন্দাইল, জামালপুর হতে বড়দহ, মথুরাপুর হতে উ: ছয়ঘরিয়া, বাসুদেবপুর গুচ্ছগ্রাম হতে বেড়া মালঞ্চা ঈদগা মাঠ হইয়া তেলিয়া, বেড়া মালঞ্চা ঈদগা মাঠ হতে ফুলবাড়ি,বিশ্বরোড জোড়াদিঘী হতে দেবপুর হইয়া দামুদরপুর, দামুদরপুর হতে তালুককানুপুর হয়ে জামালপুর হাট, আ: কাদেরের ইটভাটা হতে ফুলবাড়ি হয়ে বাহাদুরপুর, রাগবপুর হতে তালুককানুপুর, চকশিবপুর বিশ্বরোড হতে বাকির বাড়ি, সমসপাড়া বিশ্বরোড হতে কাদের মেম্বারের বাড়ি, বিশ্বরোড হতে চন্ডিপুর ক্লাব, জামালপুর হতে শালমারা হয়ে কমল নারায়নপুর হয়ে মথুরাপুর স্কুল, বাসুদেবপুর কলেজ হতে বেড়া মালঞ্চা ঈদগা, রাগবপুর হতে তালুককানুপুর ও তালুককানুপুর ইউ পি হতে ঠাকুরবাড়ি পর্যন্ত । রাস্তার উচ্চাতা ৭-৮ এর মধ্যে । প্রায় ১৫ কি: মি: রাস্তা বন্যামুক্ত ।

কাটাবাড়ী ইউনিয়নে মোট রাস্তা আছে ৭৪ কি:মি:, তার মধ্যে পাকা রাস্তা ১৪ কি:মি: ও কাচা রাস্তা ৬২ কি:মি । পাকা রাস্তা: কলোনী থেকে ঘোড়াঘাট পর্যন্ত ও কাচা রাস্তা: আশকুড়া হতে জহিরুলের বাড়ি, কাঠালবাড়ি হতে বাগদা বাজার, কাটাবাড়ি হতে বাগদা বাজার, বুজরুক বেড়া আরাজি হতে বোগদহ, ফুলহার হতে আবেদআলীর বাড়ি, বোগদহ হতে বাগদা বাজার, বিষলিয়া হতে কলোনী পর্যন্ত । রাস্তার উচ্চাতা ৭-৮ এর মধ্যে । প্রায় ৩০ কি: মি: রাস্তা বন্যামুক্ত ।

রাখালবুরুজ ইউনিয়নে পাকা ও কাচা মিলে রাস্তা আছে প্রায় ১১৩ কি: মি: রাস্তা আছে । পাকা রাস্তা শিমুলতলী হতে শাকদহ, কাজলা চৌ;বাড়ি হতে ফুলবাড়ি কুন্দের পাড়া, দরগাপারা হতে খবির আখন্দের বাড়ি,চাদপুরসিঙ্গা হতে গুবিন্দনগর পর্যন্ত, কাচা রাস্তা কাজলা চৌ:বাড়ি হতে মাঠের বাজার, পুরেরমাঠ হতে অবদা বাঁধ, নয়াপারা হতে নয়া বাজার, কুম্ভেরপাড়া হতে মালাধর, অবদাবাঁধ হতে তোহার বাড়ি, ঘিডাঙ্গ মোর হতে গুবিন্দনগর, চাদপুর হতে কৃষ্ণপুর, মাঠেরবাজার হতে দরগাপারা, কামারপাড়া হতে অবদাবাঁধ, মুন্সিরহাট কলেজ হতে চক মাকরা, গনি মেম্বারের বাড়ি হতে আলম মেলিটারীর বাড়ি । রাস্তার উচ্চাতা ৮-১০ এর মধ্যে । প্রায় ৫০-৫৫ কি: মি: রাস্তা বন্যামুক্ত ।

ফুলবাড়ি ইউনিয়নে পাকা ও কাচা মিলে রাস্তা আছে প্রায় ১৭০ কি: মি: রাস্তা আছে । পাকা রাস্তা বাগদরিয়া হতে মহাদেবপুর, বাগদরিয়া হতে কলেজ গেইট পর্যন্ত, কাচা রাস্তা ফুলবাড়ি হতে বড় সোহাগী, ফুটানি বাজার হতে বিশ্বরোড, বড় সাতাইল বাতাইল হতে ফুটানি বাজার, ফতুল্লাপুর হতে ফুলবাড়ি, ছোট সোহাগী হতে দিকদাইর, হাতিয়াদহ হতে পৌরসভা, কুঞ্জামালঞ্চা হতে ফুটানি বাজার, কুম্ভারপাড়া হতে সাতাইল বাতাইল, ও নাচিকুচি হতে শাকপালা পর্যন্ত । রাস্তার উচ্চাতা ৮-১০ এর মধ্যে ।
দরবস্ত ইউনিয়নে পাকা ও কাচা মিলে রাস্তা আছে প্রায় ৯৮ কি: মি: রাস্তা আছে । পাকা রাস্তা কালিতলা হতে বগুলাগাড়ি, বালুয়াহাট হতে বিশুবাড়ি পর্যন্ত, কাচা রাস্তা বালুয়াহাট হতে দরবস্ত, কালিতলা হতে মারিয়া, দরবস্ত হতে হাতিয়াদহ, বিশ্বনাথপুর হতে দরবস্ত, গোসাইপুর হতে বালুয়াহাট, মিরুপাড়া হতে নলডাঙ্গা, কালিতলা হতে দরবস্ত, দরবস্ত হতে বিশ্বরোড, বিশ্বরোড হতে বালুয়াহাট, ছোট দূর্গাপুর হতে সিংজানী । রাস্তার উচ্চতা ৮-১০ এর মধ্যে ।

নাকাই ইউনিয়নে পাকা ও কাচা মিলে রাস্তা আছে প্রায় ৮৫ কি: মি: রাস্তা আছে । পাকা রাস্তা নাকাই হতে বড়দহঘাট, শিমুলতলী হতে বড়দহঘাট ও শিমুলতলী হতে নাকাইহাট কলেজ পর্যন্ত, কাচা রাস্তা নাকাই হতে ধানখুনিয়া, পুটিয়া হতে নাকাই, পুরনদর হতে শীতলগ্রাম, শীতলগ্রাম হতে নাকাইহাট কলেজ, ডুমুরগাছ হতে নাকাইহাট কলেজ ও পোগইল হতে কুঞ্জনাকাই পর্যন্ত ।

শিবপুর ইউনিয়নে মোট রাস্তা আছে ৮৫ কি:মি:, তার মধ্যে পাকা রাস্তা ১০ কি:মি: ও কাচা রাস্তা ৭৫ কি:মি । পাকা রাস্তা: শ্রীমুখ রিক্সা ষ্ট্যান্ড থেকে পারা কচুয়া হয়ে শিবপুর ইউনিয়ন, শ্রীমুখ রিক্সা ষ্ট্যান্ড থেকেচেয়ারম্যান বাড়ি, মহাদেবপুর নুরু মেম্বারের বাড়ি হতে পাচগুছি বাজার ও কোচাশহর হতে টেপারজান পর্যন্ত, ও কাচা রাস্তা: মালঞ্চা পাকা হতে ১২ ডিগ্রি হিন্দুপাড়া হয়ে চারমাথা রাস্তা, মালঞ্চা স্কুল হতে মহাদেবপুর হয়ে তরনীপাড়া হয়ে শিবপুর, মালঞ্চা কামারের হাট হতে চকেন্দাহার, মহাদেবপুর কলার চিপা পাকা হতে রাখালবুরুজ সীমানা, মহাদেবপুর চারমাথা নুনতলা হতে চালিতাতলা, সরদার হাট উচ্চ বিদ্যালয় হতে সাকইল রাস্তা, শিবপুর হতে রাখালবুরুজ সীমানা, শিবপুর পাকা রাস্তা হতে শিবপুর ঈদগা, ষোলাগাড়ি ইটভাটা হতে খিরিবিড়ি, পারা কচুয়া ব্রীজ হতে তরনীপারা, চৈতারবাড়ি পাকা হতে কেশবপুর ও ষোলাগাড়ি হতে কেশবপুর পর্যন্ত ।

কোচাশহর ইউনিয়নে পাকা ও কাচা মিলে রাস্তা আছে প্রায় ২৫২ কি: মি: রাস্তা আছে । পাকা রাস্তা চাদপাড়া হতে কোচাশহর, চাদপাড়া হতে ধারাইকান্দি, ষোলাগাড়ি হতে তারাগনা, সুদারধাপ হতে ডাকুমারা ও রতনপুর হতে নয়ারহাট পর্যন্ত কাচা রাস্তা জগন্নাথপুর হতে বৈরাগিরহাট, ধর্মপুর হতে কোচাশহর, মুকুন্দপুর হতে ষোলাগাড়ি, কোচাশহর হতে সুদার ধাপ, শিংগা হতে কোচাশহর, আরজি শাহাপুর হতে কোচাশহর, ষোলাগাড়ি হতে কোচাশহর, ভাগগরিব হতে বনগ্রাম ও কোচাশহর ধারাইকান্দি । রাস্তার উচ্চাতা ৫-৭ এর মধ্যে ।

শালমারা ইউনিয়নে পাকা ও কাচা মিলে রাস্তা আছে প্রায় ১০৪ কি: মি: রাস্তা আছে । পাকা রাস্তা সোনাতলা হতে মহিমাগঞ্জ, শাখাহাতি হতে শালমারা, শালমারা হতে ব্যাঙের ঘাট ও রেলগেইট বড়িয়ার হাট হতে বুড়াবুড়ি পর্যন্ত । কাচা রাস্তা শালমারা হতে

ব্যাঙের ঘাট, নিলকণ্ঠপুর হতে শালমারা, বুড়াবুড়ি হতে শালমারা, শালমারা হতে হামছাপুর, ব্যাঙের ঘাট হতে শাখাহাতি, জীবনগাড়ি হতে শালমারা ও মালিনদহ ঘাট হতে বুড়াবুড়ি পর্যন্ত । রাস্তার উচ্চাতা ৬–৭ এর মধ্যে ।

গুমানিগঞ্জ ইউনিয়নে পাকা ও কাচা মিলে রাস্তা আছে প্রায় ১৪৭ কি: মি: রাস্তা আছে । পাকা রাস্তা অনন্তপুর হতে জরিফপুর, অনন্তপুর হতে পারগয়ারা, পারগয়ারা হতে ঘুগা কালিতলা পর্যন্ত, কাচা রাস্তা গুমানিগঞ্জ হতে ফিরুসাঘাট, শ্রীপুর হতে গুমানিগঞ্জ, পারগয়ারা হতে আলীপুর, আলীপুর হতে গুমানিগঞ্জ, নাগেরভিটা হতে দিলালপুর, আটিয়াতলা হতে গুমানিগঞ্জ, অনন্তপুর হতে কৃষ্ণপুর ছয়ঘরিয়া ও খালাসপুর হতে মিরকুচি মদনতাইর পর্যন্ত । রাস্তার উচ্চাতা ৫–৬ এর মধ্যে ।

কামদিয়া ইউনিয়নে পাকা ও কাচা মিলে রাস্তা আছে প্রায় ২৫৫ কি: মি: রাস্তা আছে । পাকা রাস্তা কামদিয়া হতে চিয়রগাও, চিয়রগাও হতে রঘুনাথপুর, পুইয়াগাড়ি হতে হাইতর, হাইতর হতে কামদিয়া, শ্যামপুর হতে কামদিয়া, রসিকনগর হতে রসিকনগর, ও রসিকনগর হতে কামদিয়া পর্যন্ত, কাচা রাস্তা বড়গাও হতে ধর্মপুর, শ্যামপুর হতে এনায়েতপুর, রসিকনগর হতে কামদিয়া, কামদিয়া হতে মানিকপুর, রঘুনাথপুর হতে ছাতিয়ানচুড়া, ছাতিয়ানচুড়া হতে কামদিয়া, খোলাহাটি হতে তিরাইল, কোচমারী হতে বইলগ্রাম ও পুইয়াগাড়ি হতে চিয়রগাও হইয়া কামদিয়া পর্যন্ত । রাস্তার উচ্চাতা ৭–৮ এর মধ্যে ।

মহিমাগঞ্জ ইউনিয়নে পাকা ও কাচা মিলে রাস্তা আছে প্রায় ১২৫ কি: মি: রাস্তা আছে । পাকা রাস্তা মহিমাগঞ্জ হতে কোচাশহর, মহিমাগঞ্জ হতে কচুয়া, কুমারডাঙ্গা হতে বালুয়া পর্যন্ত, কাচা রাস্তা পুনতাইর হতে জীবনপুর, জীবনপুর হতে জিরাই, মহিমাগঞ্জ হতে জিরাই, শ্রীপাতিপুর হতে মহিমাগঞ্জ, জগদিশপুর হতে মহিমাগঞ্জ, পান্তাবাড়ি হতে বামনহাজরা হয়ে মহিমাগঞ্জ, সিংঙ্গিডাঙ্গী হতে পুনতাইর । রাস্তার উচ্চাতা ৮–১০ এর মধ্যে ।

কামারদহ ইউনিয়নে পাকা ও কাচা মিলে রাস্তা আছে প্রায় ১৭০ কি: মি: রাস্তা আছে । পাকা রাস্তা বকচর হতে কামারদহ, বেতগারা হতে রসুলপুর ও মেকুরাই হতে কামারদহ পর্যন্ত, কাচা রাস্তা চার পার্বতিপুর হতে বার্না আকুব, বকচর হতে কামারদহ, রসুলপুর হতে কামারদহ, বেতগারা হতে কন্দর্প পুর, দিগলকান্দি হতে কামারদহ, কামারদহ হতে তারদহ, মহানগর হতে ভাগগোপাল হয়ে সৈয়দপুর, মাস্তা হতে মেকুরাই, মেকুরাই হতে বার্না চন্দ্রশেখর ও চাদপাড়া হতে কামারদহ পর্যন্ত । রাস্তার উচ্চাতা ৮–১০ এর মধ্যে ।

সাপমারা ইউনিয়নে পাকা ও কাচা মিলে রাস্তা আছে প্রায় ১৫০ কি: মি: রাস্তা আছে । পাকা রাস্তা পন্ডিতপুর হতে সাপমারা, সাপমারা হতে মাদারপুর, রামপুর হতে তরফকামাল পর্যন্ত, কাচা রাস্তা তরফকামাল হতে মদনপুর, মদনপুর হতে দোবাড়ীয়া, নরেঙ্গাবাদ হতে পন্ডিতপুর, সাপমারা ইউনিয়ন হতে কোটালপুর, সাপমারা হতে চকরহিমপুর, চকরহিমপুর হতে রামপুর, নরেঙ্গাবাদ হতে চকরহিমপুর, খামারপাড়া হতে সাপমারা, মল্লা হতে রামপুর ও চৌহুতপুর হতে সাপমারা, রাস্তার উচ্চাতা ৮–১০ এর মধ্যে ।

শাখাহার ইউনিয়নে পাকা ও কাচা মিলে রাস্তা আছে প্রায় ১৪২ কি: মি: রাস্তা আছে । পাকা রাস্তা জানখুর হতে দিঘীপাড়া, দশনাল হতে শাখাহার, শাখাহার হতে দেওচালিতা পর্যন্ত, কাচা রাস্তা বাল্লা হতে আমগাও, বানীহারা হতে দেওনাই, দেওনাই হতে পাইরল, মোল্লাপারা হতে শাখাহার, শাখাহার হতে ঘারইল, পিয়ারাপুর হতে রোয়াগাও, সূর্যগাড়ি হতে শাখাহার, বানীহারা হতে রাজশ, আয়ভাঙ্গী হতে খারিতা ও দেওচালিতা হতে খুরশান পর্যন্ত । রাস্তার উচ্চাতা ৮–১০ এর মধ্যে ।

রাজাহার ইউনিয়নে পাকা ও কাচা মিলে রাস্তা আছে প্রায় ১০৭ কি: মি: রাস্তা আছে । পাকা রাস্তা পানিতলা হতে বেউরগ্রাম, রাজাহার হতে বানেশ্বর ও কচুয়া হতে দোঘরিয়া পর্যন্ত, কাচা রাস্তা দুবলাগাড়ি হতে জিনাউত, গোপালপুর হতে বানেশ্বর, দোঘরিয়া হতে কুকরাইল, রাজাহার হতে নরসিংহপুর, রাজাহার হতে প্রভুরামপুর, গোপালপুর হতে রাজাহার, গোয়ালকান্দি হতে সিহিপুর ও বানেশ্বর হতে রাজাহার পর্যন্ত । রাস্তার উচ্চাতা ৮–১০ এর মধ্যে ।

<u>সেচ ব্যবস্থা ঃ</u> গোবিন্দগঞ্জ উপজেলায় ১৯৪ টি গভীর নলকূপ ও ৫,৫৮৫ টি শ্যালো মেশিনের সংখ্যা আছে । গভীর নলকূপ ও শ্যালো মেশিনগুলো জমিতে সেচের কাজে ব্যবহৃত হয় । ইরি ধান, গম, আলু, ভুট্টা জমিতে সেচ দেওয়া ছাড়াও গভীর নলকূপ ও শ্যালো মেশিনের পানি খাওয়া, রান্না ও গোসলের কাজে ব্যবহৃত হয় । শুষ্ক মৌসমে জমিতে সেচ দেওয়ার জন্য গভীর নলকূপ ও শ্যালো মেশিনগুলো ব্যবহহৃত হয় । কিছু কিছু শ্যালো মেশিন নদীরপাড়ে বসিয়ে নদী থেকে পানি তোলে সেচের কার্যক্রম পরিচালনা করে । ইহা ছাড়াও গভীর নলকূপ ও শ্যালো মেশিনের পানি দ্বারা অনেক সময় কাপর চোপরও ধোয়া হয় ।

<u>হাট বাজারঃ গোবিন্দগঞ্জ উপজেলায় ৬৪টি বাজার আছে তারমধ্যে ২২টি বাজারে হাট বসে ৪২টিতে হাট বসে না</u>

হরিরামপুর ইউনিয়নে হাট বাজার আছে ০৮টি, ক্রোড়গাছা শিবের বাজার, নতুন বাজার, তেতুলতলী বাজার, যাদুর বাজার, শংকরগঞ্জ বাজার, হাজীর বাজার, বড়দহ বাজার, ক্রোড়গাছ বুড়ীর ভিটা বাজার। কোন হাট বসে না তবে প্রত্যেকদিন বাজার বসে। বাজারগুলো সরকারীভাবে ইজারা দেওয়া হয়না। তাই কোন হাট বসেনা। ক্রোড়গাছা শিবের বাজারে দোকান আছে-১৩০টি, নতুন বাজারে দোকান আছে-১১০টি, তেতুলতলী বাজারে দোকান আছে-৯০টি, যাদুর বাজারে দোকান আছে-৮০টি, শংকরগঞ্জ বাজারে দোকান আছে-১০০টি, হাজীর বাজারে দোকান আছে-৬০টি, বড়দহ বাজারে দোকান আছে-১০০টি, ক্রোড়গাছ বুড়ীর ভিটা বাজারে দোকান আছে-৮০টি।

তালুককানুপুর ইউনিয়নে হাট বাজার আছে ০৮টি, তালুককানুপুর বাজার, জামালপুর বাজার, বাসুদেবপুর বাজার, মথুরাপুর বাজার, দেবপুর বাজার, বাহাদুরপুর বাজার, দামুদরপুর বাজার ও কাটাখালি বালুয়া বাজার। কাটাখালি বালুয়া বাজার ছাড়া বাকি বাজারগুলোতে কোন হাট বসেনা প্রত্যেকদিন বাজার বসে। কারন কাটাখালি বালুয়া বাজার ছাড়া বাকি বাজারগুলো সরকারীভাবে ইজারা দেওয়া হয়না। তাই কোন হাট বসেনা। তালুককানুপুর বাজারে দোকান আছে-২১০টি, জামালপুর বাজারে দোকান আছে-১০০টি, বাসুদেবপুর বাজারে দোকান আছে-২০০টি, মথুরাপুর বাজারে দোকান আছে-৬০টি, দেবপুর বাজারে দোকান আছে-৪০টি, বাহাদুরপুর বাজারে দোকান আছে-৩০টি, দামুদরপুর বাজারে দোকান আছে-২০টি ও কাটাখালি বালুয়া বাজারে দোকান আছে-২২০টি। কাটাখালি বালুয়া বাজারে সোম ও শুক্র বার দিন হাট বসে ও কাটাখালি বালুয়া বাজারে ০২ টি ও তালুককানুপুর বাজারে ০২ টি করে সমিতি আছে বাকি বাজারগুলোতে কোন সমিতি নাই।

কাটাবাড়ী ইউনিয়নে হাট বাজার আছে-০২টা, বাগদা বাজার ও কাটাখালি বাজার, বাগদা বাজার শনিবার ও মঙ্গল বার দিন হাট বসে, কিন্তু কাটাখালি বাজার সরকারীভাবে ইজারা হয় না তাই কোন হাট বসে না প্রত্যেকদিন বাজার বসে। বাগদা বাজারে দোকান আছে-২৫০ টা, কাটাখালি বাজারে দোকান আছে-২৪০টা, বাগদা বাজারে সমিতি আছে ০৩টা, ও কাটাবাড়ি বাজারে সমিতি আছে-০২টা।

রাখালবুরুজ ইউনিয়নে হাট বাজার আছে ০৭ টি, ধর্মপুর বাজার, ফকিরপাড়া বাজার, আমতলী বাজার, হরিনাথপুর বাজার, চাদপুর সিঙ্গা বাজার, ঘিডাঙ্গা বাজার ও পিরপল বাজার। কোন হাট বসে না তবে প্রত্যেকদিন বাজার বসে। বাজারগুলো সরকারীভাবে ইজারা দেওয়া হয়না। তাই কোন হাট বসে না। ধর্মপুর বাজারে দোকান আছে-২৫০টি, ফকিরপাড়া বাজারে দোকান আছে-৪০টি, আমতলী বাজারে দোকান আছে-১৮০টি, হরিনাথপুর বাজারে দোকান আছে-৮০টি, চাদপুর সিঙ্গা বাজারে দোকান আছে-৪০টি, ঘিডাঙ্গা বাজারে দোকান আছে-২০০টি, পিরপল বাজারে দোকান আছে-৩০টি।

ফুলবাড়ি ইউনিয়নে হাট বাজার আছে ০১ টি, ফুটানি বাজার। কোন হাট বসে না তবে প্রত্যেকদিন বাজার বসে। বাজারটি সরকারীভাবে ইজারা দেওয়া হয়না। তাই কোন হাট বসেনা। ফুটানি বাজারে দোকান আছে-৮০টি।

দরবস্ত ইউনিয়নে হাট বাজার আছে ০৬ টি, কোমরপুর বাজার, বালুয়াহাট বাজার, চরকতলা বাজার, কালিতলা বাজার, হরিতলা বাজার, পোড়াদহ বাজার। কোমরপুর বাজারে শনি ও বুধবার দিন ও বালুয়াহাট বাজারে মঙ্গল ও শুক্রবার দিন হাট বসে বাকি বাজারগুলোতে কোন হাট বসে না তবে প্রত্যেকদিন বাজার বসে। কোমরপুর বাজার ও বালুয়াহাট বাজার সরকারীভাবে ইজারা দেওয়া হয় । তাই হাট বসে বাকি বাজারগুলো সরকারীভাবে ইজারা দেওয়া হয়না তাই কোন হাট বসেনা। কোমরপুর বাজারে দোকান আছে-৩৪২টি, বালুয়াহাট বাজারে দোকান আছে-৪৫০টি, চরকতলা বাজারে দোকান আছে-৭০টি, কালিতলা বাজারে দোকান আছে-৬০টি, হরিতলা বাজারে দোকান আছে-৪৫টি, পোড়াদহ বাজারে দোকান আছে-২৫টি

নাকাই ইউনিয়নে হাট বাজার আছে ০৪ টি, শিমুলতলী বাজার, নতুন বাজার, নাকাইহাট বাজার ও রথের বাজার। নাকাইহাট বাজার শনিবার ও মঙ্গলবার দিন হাট বসে কিন্তু বাকি বাজারগুলোতে কোন হাট বসেনা তবে প্রত্যেকদিন বাজার বসে। নাকাইহাট বাজার সরকারীভাবে ইজারা দেওয়া হয় তাই হাট বসে বাকি বাজারগুলো সরকারীভাবে ইজারা দেওয়া হয়না তাই কোন হাট বসেনা । শিমুলতলী বাজারে দোকান আছে-৩২টি, নতুন বাজারে দোকান আছে-৭০টি, নাকাইহাট বাজারে দোকান আছে-৩২৫টি ও রথের বাজারে দোকান আছে-১০০টি ।

শিবপুর ইউনিয়নে হাট বাজার আছে-০৪টা, সরদারহাট বাজার, পাছগাছি বাজার, কামারেরহাট বাজার ও শ্রীমুখ বাজার। সরদারহাট বাজার শুক্রবার ও সোমবার এবং কামারেরহাট বাজার শনি ও মঙ্গলবার দিন হাট বসে, কিন্তু পাছগাছি বাজার ও শ্রীমুখ বাজার সরকারীভাবে ইজারা হয় না তাই কোন হাট বসে না প্রত্যেকদিন বাজার বসে। সরদারহাট বাজারে দোকান আছে-১৪৫ টা, পাছগাছি বাজারে দোকান আছে-৮০টা, কামারেরহাট বাজারে দোকান আছে-১৪০টা ও শ্রীমূখ বাজারে দোকান আছে-৫৫টা।

